**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ পৌষ ১৪২৬/০১ জানুয়ারি ২০২০

**নং ৩৪.০০.০০০০..০৫১.২২.০১৬.১৭-৪১**—জাতীয় যুবনীতি ২০১৭ এর প্রথম ১ হতে ৭ পর্যন্ত অনুচ্ছেদে নীতিমালার ভিশন, মিশন, মূল্যবোধ, উদ্দেশ্য, যুব বয়সের সংজ্ঞা, অগ্রাধিকার যুব শ্রেণি, যুব উন্নয়নে অগ্রাধিকারসমূহ ইত্যাদি বিষয়ে উল্লেখ করা হয়েছে। উক্ত নীতিমালার ৮ হতে ১৫ পর্যন্ত অনুচ্ছেদে যুব উন্নয়নের প্রয়োজনীয় কার্যক্রম সম্পর্কে উল্লেখ করা হয়েছে।অনুচ্ছেদ ১৬ এ প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক গত ১৯-১১-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ন্যাশনাল স্টিয়ারিং কমিটির সভায় চূড়ান্ত করার লক্ষ্যে কিছু সুপারিশ করা হয়। উক্ত সুপারিশের আলোকে স্মারক নং ৩৪.০০.০০০০.০৫১.২২. ০৩০.১৯-০৩-গত ০১ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনা ((National Plan of Action for Implementation of National Youth Policy 2017) ঘোষণা করা হয়েছে।

**কর্ম পরিকল্পনা**

| **৮. ক্ষমতায়ন** | | | | |
|---|---|---|---|---|
| যুবনীতি | | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
| **৮.১ কৌশল: শিক্ষা** | | | | |
| ৮.১.১ | দক্ষতা ও উন্নত মানবিক মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে যুগোপযোগী ও অভিন্ন শিক্ষাব্যবস্থা পরিচালিত করা। | • যুগোপযোগী ও অভিন্ন শিক্ষাব্যবস্থা প্রণয়নের লক্ষ্যে জাতীয় সংলাপ করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ৮.১.২ | বৈষয়িক অর্জনের পাশাপাশি মানবিক, নৈতিক ও আত্মিক উন্নয়নের প্রতি যুবদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় বিষয় ও কার্যক্রম শিক্ষার সর্বস্থরে পাঠক্রমভুক্ত করা। | • সাধারণ ও কারিগরি শিক্ষাক্রমে মানবিক ও নৈতিক শিক্ষা কার্যক্রম অন্তর্ভুক্ত করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| | | • কারিগরি প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৮.১.৩ | দেশের ইতিহাস ও সংস্কৃতির প্রতি অনুরাগ সৃষ্টি করা। | • প্রতিটি জেলা/উপজেলা পর্যায়ে দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরতে যুব ক্যাম্পেইন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৮.১.৪ | শিক্ষার্থীর প্রতিভা ও চাহিদা অনুসারে শিক্ষা গ্রহণের সুযোগ নিশ্চিত করা। | • জাতীয় জরিপ কার্য পরিচালনার মাধ্যমে বিশেষ শ্রেণির (অগ্রাধিকার যুব শ্রেণি) যুবদের শিক্ষা ও প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করা। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়। |

**৮. ক্ষমতায়ন**

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| | • জরিপের ফলাফল অনুযায়ী **বিশেষ শ্রেণির** (অগ্রাধিকার যুব শ্রেণি) যুবদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম চালু করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| | • কারিগরি শিক্ষায় বিশেষ শ্রেণির (অগ্রাধিকার যুব শ্রেণি) যুবদের জন্য আসন সংরক্ষণ করা। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ৮.১.৫ যুবদের মানসিক স্বাচ্ছন্দ্য ও হৃষ্টতা নিশ্চিত করার জন্যে শিক্ষা জীবনের শুরু থেকেই শিল্পকলা, সঙ্গীত ও ক্রীড়াকে আবশ্যকীয় শিক্ষার অন্তর্ভুক্ত করা। | • শিল্পকলা, সঙ্গীত ও ক্রীড়াকে আবশ্যকীয় করার জন্য শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, |
| ৮.১.৬ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে আবশ্যকীয় পাঠক্রমভুক্ত করা। | • তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক তত্ত্বীয় ও ব্যবহারিক পাঠ্যক্রম প্রণয়ন করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| | • প্রণয়নকৃত মডিউল বাস্তবায়ন করার জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT) কার্যক্রম পরিচালনা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ৮.১.৭ মুখস্থ বিদ্যার পরিবর্তে শিক্ষার্থীর চিন্তাশক্তি ও সৃজনশীলতা বিকাশে সহায়ক অংশগ্রহণমূলক শিক্ষাদান পদ্ধতি চালু করা। | • চিন্তাশক্তি সৃজনশীলতা বিকাশে বিভিন্ন ধরনের বিতর্ক, কুইজ ও আলোচনাসভা করা এবং তা প্রচার মাধ্যমে সম্প্রচার করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| ৮.১.৮ বাণিজ্যিক কোচিং রোধকল্পে শ্রেণিকক্ষে পাঠদান ও পাঠ আদায় এবং শ্রেণি অনুশীলন ব্যবস্থা অধিক জোরদার ও মনিটরিং করা। | • বাণিজ্যিক কোচিং বন্ধের জন্য আইন জারি করা ও বাণিজ্যিক কোচিং বন্ধের ব্যবস্থা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ। |
| ৮.১.৯ শিক্ষার্থীদের মাতৃভাষাসহ একাধিক ভাষায় পারদর্শী করে তোলা। | • উচ্চশিক্ষা ও কারিগরি প্রশিক্ষণে বিদেশি ভাষার উপর স্বল্পকালীন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.১.১০ একটি বিজ্ঞানমনস্ক জাতি গঠনের লক্ষ্যে তরুণ ও যুবদের বিজ্ঞান শিক্ষার প্রতি উদ্বুদ্ধ করা। | • মাঠ পর্যায়ে যুবদের অংশগ্রহণে বিজ্ঞান মেলা এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা। | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |

**৮. ক্ষমতায়ন**

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ৮.১.১১ বিতর্কসহ বিভিন্ন পাঠক্রমবহির্ভূত কার্যক্রম আবশ্যকীয় শিক্ষার অন্তর্ভুক্ত করা। | • যুবদের নতুন আবিষ্কার যুব-ওয়েব পোর্টালের (Youth Web Portal) মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা এবং যুব সংগঠনগুলোকে বিজ্ঞান বিষয়ক কাজে অনুপ্রেরণা দেয়া। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| ৮.১.১২ যুবদের নতুন নতুন আবিষ্কার ও উদ্ভাবনকে উৎসাহিত করা। | • যুবদের নতুন আবিষ্কার বাছাইপূর্বক জাতীয় পর্যায়ে পুরস্কৃত করা ও আবিষ্কারকে কাজে লাগানো। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। |
| ৮.১.১৩ নারী ও অগ্রজের প্রতি শ্রদ্ধাশীল, অনুজের প্রতি স্নেহশীল এবং শ্রেণি-ধর্ম-বর্ণ-লিঙ্গা নির্বিশেষে সকল মানুষের প্রতি সংবেদনশীল মানুষরূপে গড়ে তোলার লক্ষ্যে ছাত্রছাত্রীদের সঙ্গে শিক্ষকদের স্নেহপূর্ণ সংবেদনশীল আচরণ নিশ্চিত করার জন্য শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে অব্যাহতভাবে উদ্বুদ্ধ করা। | • শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্র/ছাত্রী ও শিক্ষকের সম্পর্ক বিষয়ক সেমিনার, আলোচনাসভা আয়োজন করা ও প্রচার মাধ্যমে সম্প্রচার করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | তথ্য মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৮.১.১৪ জীবন দক্ষতা তথা লাইফ স্কিলস (Life Skill) শিক্ষাক্রমভুক্ত করা। | • কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণে জীবন দক্ষতা বিষয়ক মডিউল প্রণয়ন ও প্রশিক্ষণের ব্যবস্থা করা। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৮.১.১৫ শিক্ষাদান পদ্ধতিতে সর্বাধুনিক প্রযুক্তি প্রয়োগ করা। | • শিক্ষাদান কার্যক্রমে সর্বাধুনিক প্রযুক্তি সরবরাহ করা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৮.১.১৬ মেধাবী শিক্ষার্থীদের জন্যে পর্যাপ্ত বৃত্তির ব্যবস্থা করা এবং দেশ-বিদেশে উচ্চশিক্ষা ও প্রশিক্ষণের জন্যে সহায়তা করা। | • মেধাবৃত্তি ও দেশে বিদেশে উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের বিষয়টি যুবদের মাঝে বহুল প্রচারের জন্য মাঠ পর্যায়ে সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ৮.১.১৭ সুবিধা বঞ্চিত ও অনগ্রসর, বিশেষ চাহিদাসম্পন্ন অভাবগ্রস্ত ও অন্যান্য প্রতিকূলতার শিকার যুবদের জন্য বিশেষ সহায়তামূলক ব্যবস্থা গ্রহণ করা। | • অন্যান্য প্রতিকূলতার শিক্ষা যুবদের জন্য বিনামূল্যে শিক্ষা উপকরণ সরবরাহসহ শিক্ষারসুযোগ প্রদান। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৮.১.১৮ স্বল্পশিক্ষিত কর্মজীবী যুবদের জন্য বিশেষায়িত ও কারিগরি শিক্ষা চালু করা। | • স্বল্পশিক্ষিত কর্মজীবী যুবদের জন্য উপজেলা, জেলা পর্যায়ে রাত্রিকালীন বিশেষায়িত কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম চালু করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |

| ৮. ক্ষমতায়ন | | | |
|---|---|---|---|
| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
| ৮.১.১৯ সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান পর্যাপ্ত আয়তনের খেলার মাঠ, মানসম্পন্ন গ্রন্থাগার ও গবেষণাগার নিশ্চিত করা। | • সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান পর্যাপ্ত আয়তনের খেলার মাঠ, মানসম্পন্ন গ্রন্থাগার ও গবেষণাগার প্রতিষ্ঠা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৮.১.২০ সারা দেশে এবং সকল পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ছাত্র শিক্ষক অনুপাত অর্জনে শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করা। | • ছাত্র শিক্ষকের অনুপাত নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক মান সম্পন্ন শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৮.১.২১ প্রতিবন্ধীবান্ধব ভৌত অবকাঠামে নিশ্চিত করা। | • ভৌত অবকাঠামো তৈরি করার সময় অবকাঠামোটি যেন প্রতিবন্ধী বান্ধব হয় এবং একীভূত শিক্ষার পরিবেশ রক্ষা করা সে বিষয়টি নিশ্চিত করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৮.১.২২ জেন্ডার সংবেদনশীল অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিত করা। | • অবকাঠামো তৈরি করার সময় জেন্ডার সংবেদনশীলতাকে বিবেচনায় নিতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৮.১.২৩ অনলাইন শিক্ষা ও উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করা। | • উচ্চ শিক্ষার জন্য অনলাইন শিক্ষা মডিউল প্রস্তুত করা এবং বঞ্চিত শিক্ষার্থীদের জন্য চাহিদাভিত্তিক উপনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ৮.১.২৪ যৌন ও প্রজননস্বাস্থ্য এবং অধিকার পাঠক্রমে অন্তর্ভুক্ত করা। | • শিক্ষা প্রতিষ্ঠানে যৌন ও প্রজননস্বাস্থ্য এবং অধিকার বিষয়ে আলোচনাসভা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৮.১.২৫ সংযুক্তি(অ্যাটচমেন্ট Attachment) প্রবর্তন করাঃ দেশ ও মানুষের প্রতি দায়িত্ববোধ জাগ্রত করার লক্ষ্যে মাধ্যমিক থেকে শিক্ষার তৃতীয় স্তর পর্যন্ত যে কোন এক বা একাধিক পর্যায়ে সকল যুব নারী-পুরুষের জন্যে নির্দিষ্ট সময়ব্যাপী কোনো জনকল্যাণধর্মী প্রতিষ্ঠান বা কাজে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে নিয়োজিত থাকার বিষয়টি পাঠ্যক্রমভুক্ত করা। | • স্বেচ্ছাশ্রমে অংশগ্রহণকারী যুবদের জন্য সনদ (সার্টিফিকেট) প্রদান এবং এর সুফল সম্পর্কে যুবদের জানানোর জন্য সেমিনার ও প্রচার কার্যক্রম পরিচালনা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) |
| ৮.২. কৌশল প্রশিক্ষণ | | | |
| ৮.২.১ প্রশিক্ষণ পাঠক্রমে শুদ্ধাচার, মানবিক মূল্যবোধ ও আত্মপ্রত্যয় সৃষ্টিমূলক বিষয় ও কার্যক্রম অন্তর্ভুক্ত করা। | • প্রশিক্ষণ শিক্ষাক্রমে শুদ্ধাচার বিষয়ে অন্তর্ভুক্তকরণ বাধ্যতামূলক করার বিষয়ে সরকারি প্রজ্ঞাপন জারি করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ। |

**৮.২ কৌশল প্রশিক্ষণ**

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ৮.২.২ কর্মসংস্থান ও দক্ষতামূলক ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা।<br>৮.২.৩ প্রশিক্ষণ পাঠক্রমে জীবনদক্ষতামূলক বিষয়কে যথাযথ গুরুত্ব প্রদান করা। | • টিটিসি/সরকার পরিচালিত প্রশিক্ষণ কোর্সগুলোতে অধিক চাহিদা সম্পন্ন (অগ্রাধিকার যুব শ্রেণি) কোর্স বেশি করে চালুর ব্যবস্থা করা। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থন মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.২.৪ ৬নং অনুচ্ছেদে বর্ণিত শ্রেণিসমূহের যুবদের কর্ম ও আত্মকর্মবান্ধব প্রশিক্ষণে সম্পৃক্ত করা। | • ৬নং অনুচ্ছেদে বর্ণিত শ্রেণিসমূহের যুবদের জন্য সরকারি ও বেসরকারি চাকরিতে বিশেষ সুবিধা দেয়ার জন্য চাকরিদাতা প্রতিষ্ঠানের সাথে কার্যকরি আলোচনা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থন মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.২.৫ প্রশিক্ষণ ও কর্মজগতে দক্ষ কর্মীর চাহিদার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রশিক্ষণ প্রদান করা। | • কর্মক্ষেত্রে কর্মীর প্রশিক্ষণ চাহিদা নির্ণয় ও নিরূপণের জন্য জরিপকার্য পরিচালনা করা এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থন মন্ত্রণালয়, শ্রম ও কর্মস্থান মন্ত্রণালয়। |
| ৮.২.৬ আধুনিক ও মানসম্পন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ সুবিধা দেশের সর্বত্র সহজলভ্য করা। | • বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে আয়োজন করা।<br>স্কুল ও মাদ্রাসায় ভোকেশনাল কোর্স চালু করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ৮.২.৭ আন্তর্জাতিক শ্রমবাজারের উপযুক্ত দক্ষ কর্মী তৈরি করার লক্ষ্যে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কারিকুলাম অনুসারে প্রশিক্ষণ প্রদান করা। | • প্রশিক্ষণের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নত করার জন্য প্রশিক্ষণ শিক্ষকদের শিক্ষাক্রম রিভিউ করার জন্য সেমিনার/মিটিং আয়োজন করা ও প্রশিক্ষণ কারিকুলাম হালনাগাদ (আপডেট) করা এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থন মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| | • গ্রামীণ যুবদের কর্মবাজারবান্ধব প্রশিক্ষণ গ্রহণের সুযোগ নিশ্চিত করার জন্য প্রশিক্ষণ কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে চালু করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ৮.২.৮ গ্রামীণ যুবদের কর্মবাজারবান্ধব প্রশিক্ষণ প্রাপ্তি নিশ্চিত করার জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | • গ্রামীণ যুবদের কর্মবাজারবান্ধব প্রশিক্ষণ সম্পর্কে জানানোর জন্য প্রতিটি ইউনিয়নে একটি করে যুবতথ্য কেন্দ্র স্থাপন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |

### ৮.২ কৌশল প্রশিক্ষণ

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ৮.২.৯ প্রাথমিক চিকিৎসা ও দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে যুবদের প্রশিক্ষিত করে তোলা। | • প্রাথমিক চিকিৎসা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক বিশেষ প্রশিক্ষণ কোর্স চালু করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। | স্বাস্থ্য সেবা বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |
| ৮.২.১০ বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয়সাধন এবং সহযোগিতামূলক সম্পর্ক সৃষ্টি করা। | • বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের বিদ্যমান প্রশিক্ষণ কার্যক্রম পর্যালোচনা করা, অধিক্রমণ (ওভারলেপিং) চিহ্নিত করা ও সমন্বয় সাধন করার জন্য কর্মশালা আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থন মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) |
| ৮.২.১১ বিশেষ চাহিদাসম্পন্ন যুববান্ধব প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন এবং অবকাঠামো নিশ্চিত করা। | • বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের জন্য আলাদা প্রশিক্ষণ কেন্দ্র চালু করা। | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৮.২.১২ জেন্ডার-সংবেদনশীল (Gender-sensitive) অবকাঠামো নিশ্চিত করা। | • প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে জেন্ডার-সংবেদনশীল অবকাঠামো নিশ্চিত করার জন্য সরকারি প্রজ্ঞাপন জারি ও জেন্ডার সংবেদনশীল অবকাঠামো নিশ্চিত করার জন্য আর্থিক সহায়তা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| **৮.৩ কৌশল-কর্মসংস্থান ও স্ব-উদ্যোগ** | | | |
| ৮.৩.১ যুব কর্মসংস্থানের জন্যে জাতীয় কর্মকৌশল প্রণয়ন করা। | • যুবকর্মসংস্থান কর্মকৌশল তৈরি করার জন্য স্টিয়ারিং কমিটি গঠন করা। বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের সাথে এ্যাডভোকেসি (Advocacy) সভা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.৩.২ ট্রেডভিত্তিক প্রশিক্ষিতদের কর্মসংস্থান নিশ্চিত করার জন্যে নিয়োগকারীদের সাথে সংযোগ (Linkage) স্থাপন করা। | • নিয়োগকারী প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স চালু করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বেপজা, বেজা। |
| ৮.৩.৩ প্রশিক্ষিতদের বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষানবিশ (Apprrentice) হিসাবে নিযুক্ত রেখে তাদের অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দেওয়া। | • প্রশিক্ষিতদের অনলাইন ডাটাবেইজ তৈরি করা। নিয়োগকারি প্রতিষ্ঠানের ডাটাবেইজ থেকে তাদের প্রয়োজন অনুযায়ী শিক্ষানবিশ খুজে নিতে পারে তার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বেপজা, বেজা। |
| | • প্রতিটি কর্মক্ষেত্রে স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার জন্য প্রজ্ঞাপন জারি করা। | স্বাস্থ্য সেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.৩.৪ যুবদের জন্যে স্বাস্থ্যসম্মত ও সম্মানজনক পরিবেশ, ন্যায্য মজুরি/বেতন সংবলিত শোভন এবং নিরাপদ কর্মসংস্থানের ব্যবস্থা করা। | • বেসরকারি প্রতিষ্ঠানে শ্রমিকদের জন্য ন্যূনতম বেতনকাঠামো ঘোষণা করা ও বেসরকারি প্রতিষ্ঠানকে তা মানতে বাধ্য করা। | শ্রম ও কর্মসংস্থন মন্ত্রণালয়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ। |

| ৮.৩ কৌশল-কর্মসংস্থান ও স্ব-উদ্যোগ | | | |
|---|---|---|---|
| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
| ৮.৩.৫ কর্মসংস্থান এবং উদ্যোগ বা আত্মকর্মসংস্থানের জন্যে সহায়তা প্রদানের ক্ষেত্রে ধর্ম-বর্ণ-লিঙ্গ বিবেচনার কোনোরূপ বৈষম্য না করা। | • আত্মকর্মসংস্থানের জন্যে সহায়তা প্রদানের ক্ষেত্রে ধর্ম-বর্ণ-লিঙ্গ প্রভৃতি বিবেচনায় না রেখে সহজশর্তে ব্যাংক থেকে ঋণ পাওয়ার ব্যাপারে সহায়তা প্রদান করা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধানমন্ত্রীর কার্যালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| ৮.৩.৬ উদ্যোক্তা হতে আগ্রহী যুবদের উদ্যোগ(Enterprineourship) বিষয়ে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করা। | • প্রশিক্ষণ মডিউল তৈরি করা। যুবদের উদ্যোক্তা হতে আগ্রহী করে তোলার জন্য প্রশিক্ষণ কার্যক্রম চালু। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA)। |
| ৮.৩.৭ অবৈধ পথে বিদেশ গমনের ঝুঁকি ও বিপদ সম্পর্কে যুবদের সচেতন করা এবং তা থেকে যুবদের নিবৃত করা। | • অবৈধপথে বিদেশ গমনের ভয়াবহ পরিণাম সম্পর্কে যুবদের সচেতন করার জন্য প্রচার মাধ্যমে ব্যাপক সম্প্রচারের ব্যবস্থা করা। | প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ। |
| ৮.৩.৮ মানবপাচারের করুণ পরিনতি সম্পর্কে যুবদের সচেতন করা এবং তা রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। | • মানবপাচারের একটি আন্তর্জাতিক অপরাধ। এ বিষয়ে যুবদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে সেমিনার/ক্যাম্পেইন করা।<br>• "উঠান বৈঠক, পোস্টার ও লিফলেট বিতরণের মাধ্যমে যুবদের সচেতন করা।" | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ৮.৩.৯ বিদেশে দেশের ভাবমূর্তির ক্ষুণ্ন হয় এমন কার্যকলাপ থেকে বিরত থাকার জন্যে যুবদের উদ্বুদ্ধ করা। | • "যুবসমাজ ও দেশের ভাবমূর্তি শীর্ষক" বিষয়ক সেমিনার আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়। |
| ৮.৩.১০ কর্মসংস্থানের জন্যে বিদেশ গমনের পূর্বে সংশ্লিষ্ট দেশের জন্যে প্রযোজ্য আচার-আচরণ এবং সে দেশের সংস্কৃতি সম্পর্কে যুবদের ধারণা প্রদান করা। | • বিদেশ গমনের পূর্বে সংশ্লিষ্ট দেশের সাধারণ নিয়ম-কানুন ও সংস্কৃতি বিষয়ে ধারণা দেবার জন্য স্বল্পকালীন প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করা। | প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.৩.১১ যুব উদ্যোক্তাদের জন্য স্বল্প সুদে ও সহজে শর্তে ব্যাংক ও সমবায় ঋণ প্রদান করা। | • সরকারি ও বেসরকারি সকল ব্যাংক থেকে যুব উদ্যোক্তাদের সহজশর্তে ঋণ প্রদান করার জন্য সরকারি প্রজ্ঞাপন জারি করা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | বাংলাদেশ ব্যাংক |
| ৮.৩.১২ যুব ব্যাংক প্রতিষ্ঠা করা। | • যুব ব্যাংক প্রতিষ্ঠা করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রাক-প্রয়োজনীয়তা যাচাইয়ের জন্য কর্মশালা আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

| ৮.৩ কৌশল-কর্মসংস্থান ও স্ব-উদ্যোগ | | | |
|---|---|---|---|
| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
| ৮.৩.১৩ সব যুব নারী ও পুরুষকে ব্যাংকিং এবং বিমার আওতাভুক্ত করা। | • ব্যাংকিং ও বিমার সুযোগ-সুবিধা সম্পর্কে যুবদের সচেতনতা করার জন্য জাতীয় প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, তথ্য মন্ত্রণালয় |
| ৮.৩.১৪ যুব উদ্যোক্তদের বাস্তবভিত্তিক পরামর্শ প্রদান করার জন্যে বিজনেস ইনকিউরেটর প্রতিষ্ঠা করা। | • নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা ও ঋণ গ্রহণে সহায়তা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, তথ্য মন্ত্রণালয় |
| ৮.৩.১৫ যুব উদ্যোক্তদের উৎপাদিত পণ্য দেশে-বিদেশে প্রদর্শন ও বিপণনের বিশেষ অবস্থা গ্রহণ করা। | • যুব উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য দেশে ও বিদেশে বিক্রির জন্য জেলা পর্যায়ের বড় বাজারে যুবদের বিশেষ সুবিধায় দোকান বরাদ্দ দেওয়া। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ৮.৩.১৬ স্থানীয় সম্পদ ব্যবহার করার প্রতি যুবদেরকে উৎসাহিত করা। | • স্থানীয় সম্পদ ব্যবহারের বিষয় যুবদের সচেতন করার লক্ষ্যে জেলা পর্যায়ে সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ |
| ৮.৩.১৭ যুব উদ্যোক্তাদের জন্যে ওয়ানস্টপ/ওয়ানপয়েন্ট সার্ভিস চালু করা। | • যুব উদ্যোক্তাদের ব্যবসায়িক সহায়তাদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরে হেলপ-ডেস্ক চালু করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শিল্প মন্ত্রণালয়। |
| ৮.৩.১৮ ৬নং অনুচ্ছেদে বর্ণিত যেসব যুব নারী পুরুষের অগ্রাধিকার প্রাপ্য, তাদের আত্মকর্মসংস্থান ও উদ্যোগের ক্ষেত্রে বিশেষ সহায়তা নিশ্চিত করা। | • ৬নং অনুচ্ছেদে (অগ্রাধিকার যুব শ্রেণি) বর্ণিত যুবরা যদি কোনো আত্মকর্মসংস্থানের উদ্যোগ গ্রহণ করে সেই ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর তাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ৮.৩.১৯ যুবদের উদ্যম ও কর্মকুশলতার সাহায্যে তাদের গ্রামীণ অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিকশিত হওয়ার সুযোগ করে দেওয়া এবং গ্রামের খাস কৃষিজমি, পুকুর, জলমহাল ইত্যাদি যুবদের নিকট ইজারা প্রদানে অগ্রাধিকার দেওয়া। | • খাসজমি, খাসপুকুর, খাস-জলমহল ইজারা দেবার সময় যুবদের অগ্রাধিকার দেওয়া। | ভূমি মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ। |

| ৮.৩ কৌশল-কর্মসংস্থান ও স্ব-উদ্যোগ | | | |
|---|---|---|---|
| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
| ৮.৩.২০ সবার জন্য বিশেষ করে যুবনারী ও বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের জন্যে সংবেদনশীল কর্মপরিবেশ নিশ্চিত করা। | • বিশেষ চাহিদাসম্পন্ন নারীদের কর্মপরিবেশ নিশ্চিত করার জন্যে স্ব-স্ব প্রতিষ্ঠান যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | সমাজকল্যাণ মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ৮.৩.২১ যুব নারী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণে সরকার কর্তৃক প্রণোদনামূলক ব্যবস্থা গ্রহণ করা। | • যুব নারী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে জাতীয় প্রচার মাধ্যমে নারীদের উদ্যোক্তা হিসেবে এগিয়ে আসার ব্যাপারে বিশেষ প্রচারণা করা। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | তথ্য মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| | • যুব নারী উদ্যোক্তাদের জন্য ব্যাংক ঋণের ব্যাপারে শর্ত শিথিল করা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| ৮.৩.২২ সমুদ্র সম্পদভিত্তিক অর্থনীতির (Blue economy) সঙ্গে যুবদের সম্পৃক্ত করা। | • সমুদ্র সম্পদভিত্তিক অর্থনীতির সঙ্গে যুবদের সম্পৃক্ত হওয়ার জন্য তথ্যভিত্তিক প্রচারণা জাতীয় প্রচার মাধ্যমে সম্প্রচার করা। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | তথ্য মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| ৮.৩.২৩ সুস্থ কর্মপরিবেশের অপরিহার্য শর্ত হিসেবে শিশু পরিচর্যা কেন্দ্রে (Child care centre) প্রতিষ্ঠা করা। | • যে সকল প্রতিষ্ঠনে ০৩-০৪ জন বিবাহিত নারী শ্রমিক আছে এমন সকল প্রতিষ্ঠানে শিশু-পরিচর্যা কেন্দ্র (Child care centre) স্থাপন করা। | সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| **৮.৪ কৌশল-তথ্য ও যোগাযোগ** | | | |
| ৮.৪.১ যুবদের তথ্য যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষায় ও কর্মসংস্থানে উৎসাহী করে তোলার জন্য দেশের সর্বস্তরের যুবকের মধ্যে তথ্যপ্রযুক্তি ব্যবহারের সুযোগ বিস্তৃত করা। | • যুবদের তথ্য-প্রযুক্তির উপকরণ ক্রয় করার জন্য সহজ শর্তে ব্যাংক থেকে ঋণ পাওয়ার বিষয়টি নিশ্চিত করা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| ৮.৪.২ 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে যুবদের সফলভাবে সম্পৃক্ত করার লক্ষ্যে তাদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে সর্বজনীনভাবে দক্ষ করে তোলা। | • যুবদের তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ যুবদের বিনামূল্যে অংশগ্রহণ করার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি বিভাগ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ৮.৪.৩ তথ্য প্রযুক্তিভিত্তিক অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক কর্মসংস্থানের জন্যে যুবদের উদ্বুদ্ধ করা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে বিভিন্ন প্রণোদনা প্রদান করা। | • তথ্য-প্রযুক্তিভিত্তিক অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক কর্মসংস্থানে যুবদের উদ্বুদ্ধ করার জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ব্যবস্থ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি) বিভাগ। |
| ৮.৪.৪ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন সম্পর্কে যুবদের অবহিত করা এবং তথ্য-প্রযুক্তি সংশ্লিষ্ট যাবতীয় অপরাধ বিষয়ে যুবদের সচেতন করা। | • সাইবার অপরাধ ও তার পরিণাম বিষয়ে যুবদের সচেতনতা বৃদ্ধিকল্পে যুবদের অংশগ্রহণে উপজেলা পর্যায়ে বছরে ০২ বার সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি) বিভাগ। জননিরাপত্তা ও বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |

৮.৪ কৌশল-তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ৮.৪.৫ তথ্য প্রযুক্তিভিত্তিক কর্মোদ্যোগকে (Start up) কম সুদে ঋণ প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করা। | • প্রতিটি উপজেলা থেকে কমপক্ষে ০৪ জন তথ্য প্রযুক্তিভিত্তিক কর্মোদ্যোক্তাকে সার্বিক সহায়তা প্রদান করে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ৮.৪.৬ স্থানীয় পর্যায়ে Youth Digital Resource Development Centre প্রতিষ্ঠা করা। | • Youth Digital Resource Development Centre ব্যবহারে যুবদের উদ্বুদ্ধ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ৯. স্বাস্থ্য ও বিনোদন<br>৯.১. কৌশল-স্বাস্থ্যসেবা | | | |
| ৯.১.১ যুবদের জন্যে সরকারি খাতে সুলভ ও উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা। | • যুবদের স্বাস্থ্যসেবা সুলভ করার জন্য প্রতিটি সরকারি হাসপাতালে যুব-চিকিৎসা কার্ড (health card) চালু করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৯.১.২ অনগ্রসর ও বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের জন্যে বিশেষ স্বাস্থ্যসেবার ব্যবস্থা করা। | • অনগ্রসর ও বিশেষ চাহিদা সম্পন্ন যুবদের জন্যে সরকারি হাসপাতালে বিনামূল্যে/স্বল্পমূল্যে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৯.১.৩ দুর্যোগ দুর্ঘটনা ও নির্যাতনের শিকার যুবদের স্থায়ী পুনর্বাসন এবং পরিপূর্ণ চিকিৎসার ব্যবস্থা করা। | • দুর্যোগ দুর্ঘটনা ও নির্যাতনের শিকার যুবদের জন্য সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৯.১.৪ মানসিক স্বাস্থ্যর গুরুত্ব সম্পর্কে যুবদের সচেতন করে তোলা। | • মানসিক স্বাস্থ্য সম্পর্কে যুবদের সচেতনতা বৃদ্ধি করার জন্য উপজেলা/ জেলা হাসপাতালে মাসে ০১বার মানসিক স্বাস্থ্য বিষয়ক সেমিনার করা ও যুবদের অংশগ্রহণ নিশ্চিত করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৯.১.৫ যুবদের হতাশা, বিষণ্ণতা ও অন্যান্য মানসিক/মনস্তাত্ত্বিক সমস্যা নিরসনের জন্য চিকিৎসা ও পরামর্শ (কাউন্সেলিং) সেবা বিস্তৃত করা। | • যুবদের মানসিক স্বাস্থ্য বিষয়ে পরামর্শ (কাউন্সিলিং) প্রদানের জন্য উপজেলা ও জেলা পর্যায়ের হাসপাতালে ক্লিনিক্যাল সোস্যাল ওয়ার্কার/সোসিওলজিস্ট নিয়োগ এর ব্যবস্থা করা।<br>• কার্যক্রমের ক্ষেত্রে মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টারের মাধ্যমে মনোসামাজিক কাউন্সিলিং প্রদান করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |

**৯. স্বাস্থ্য ও বিনোদন**

**৯.১. কৌশল-স্বাস্থ্যসেবা**

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ৯.১.৬ ঝুঁকিপূর্ণ যুব বয়সসীমার অন্তর্গত প্রসূতি ও গর্ভবতী মায়েদের জন্য সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা। | • গর্ভবতী ও প্রসূতি মায়েদের সচেতনতা বৃদ্ধি করার জন্য সেবা কেন্দ্রগুলোতে সচেতনামূলক কার্যক্রম নিয়মিত পরিচালনা করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৯.১.৭ পুষ্টিকর খাদ্য গ্রহণের প্রয়োজনীতা ও ফাস্ট ফুডের (Junk) ক্ষতিকারক দিক সম্পর্কে যুবদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা এবং স্বাস্থ্যসম্মত জীবনাচরণে যুবদের উদ্বুদ্ধ করা। | • পুষ্টিকর খাবার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য টিভি স্পট তৈরি তা জাতীয় প্রচার মাধ্যম ও ইন্টারনেটের মাধ্যমে প্রচারণার ব্যবস্থা করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| | • কার্যক্রমের ক্ষেত্রে পুষ্টি বিষয়ক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা। | | |
| ৯.১.৮ এইচ আইভি/এইডসসহ সকল যৌনবাহিত ও অন্যান্য ঝুঁকিপূর্ণ রোগ এর প্রতিরোধ সম্পর্কে যুবসমাজের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা এবং প্রতিরোধ ও সচেতনতামূলক কার্যক্রমে যুবদের সম্পৃক্ত করা। | • এইচআইভি/এইডসসহ সকল যৌনবাহিত রোগসমূহের ভয়াবহতা, প্রতিকার ও চিকিৎসা কেন্দ্রের ঠিকানাসহ বিলবোর্ড স্থাপন করা। | স্বাস্থ্য সেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়। |
| ৯.১.৯ প্রজননস্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য অধিকার এবং যৌনস্বাস্থ্য সম্পর্কে যুবদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা। | • প্রজনন স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ক অধিকার সম্বলিত বিলবোর্ড টানানোর ব্যবস্থা করা। | স্বাস্থ্যসেবা বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ। |

**৯.২ সহকৌশল ক্রীড়া, সংস্কৃতি কর্মকান্ড ও বিনোদন**

| | | | |
|---|---|---|---|
| ৯.২.১ যুবদের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিত করার জন্যে ক্রীড়াকে মূল শিক্ষাক্রমের একটা নিয়মিত অংশ হিসেবে প্রবর্তন করা। | • যুবদের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিত করার জন্য ক্রীড়াকে নিয়মিত কার্যকর করার জন্য সরকারি প্রজ্ঞাপন জারি করা ও ক্রীড়া বাস্তবায়ন সম্পর্কিত মনিটরিং রিপোর্ট তৈরি করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৯.২.২ উন্নয়ন এবং সামাজিক ও আন্তঃরাষ্ট্রীয় সম্প্রীতির সহায়ক হিসেবে ক্রীড়ার গুরুত্ব নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | • ক্রীড়ার মানোন্নয়ন করার জন্য আন্তঃ কলেজ, বিশ্ববিদ্যালয়, আন্তঃ উপজেলা ও জেলা পর্যায়ে এবং বয়সভিত্তিক প্রতিযোগিতার আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ৯.২.৩ ক্রীড়া ও প্রশিক্ষণের উন্নতির লক্ষ্যে ক্রীড়ার সুযোগ-সুবিধা বৃদ্ধি ও কোচিং সুবিধা বাড়ানো। | • প্রতিটি উপজেলায় প্রতিবছর ক্রীড়া ক্যাম্প করা ও দক্ষ ক্রীড়াবিদ বাছাই করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |

| ৯.২ সহকৌশল ক্রীড়া, সংস্কৃতি কর্মকান্ড ও বিনোদন | | | |
|---|---|---|---|
| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
| ৯.২.৪ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষা প্রশিক্ষক/শরীরচর্চা শিক্ষক নিয়োগ করা। | • শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষা প্রশিক্ষক/শরীরচর্চা শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ৯.২.৫ ক্রীড়াতে অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা। | • ক্রীড়াতে যুবদের অংশগ্রহণ বাড়ানোর জন্য ইউনিয়ন পরিষদকে প্রতিবছর দেশীয় খেলার প্রতিযোগিতা আয়োজনের জন্য সরকারি পরিপত্র জারি করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ। |
| ৯.২.৬ যুব ক্রীড়া প্রতিভার স্বাভাবিক বিকাশ নিশ্চিত করার জন্যে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান এবং বিদেশে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা। | • মেধাবি ক্রীড়াবিধ সৃষ্টির লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বছরে ১ বার প্রতিটি উপজেলায় ক্রীড়া ক্যাম্পের আয়োজন করবে এবং বিদেশে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ। |
| ৯.২.৭ ক্রীড়ার ক্ষেত্রে নারীর অংশগ্রহণকে উৎসাহিত করা এবং স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সমভাবে নারী-পুরুষকে গুরুত্ব দেওয়া। | • নারীদের ক্রীড়ায় অংশগ্রহণ বাড়ানোর জন্য জাতীয় পর্যায়ের প্রচার মাধ্যমে নারীদের জন্য বিশেষ সচেতনামূলক অনুষ্ঠান পচার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়। |
| ৯.২.৮ হিজড়া ও বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের জন্যে ক্রীড়ার সুযোগ-সুবিধা নিশ্চিত করা। | • বিশেষ চাহিদা সম্পন্ন যুবরা যাতে ক্রীড়াতে অংশগ্রহণে আগ্রহী হয় তার জন্য জাতীয় পর্যায়ে প্রচারণার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৯.২.৯ গ্রামীণ খেলাধুলার প্রসার ঘটানো এবং এর ব্যবস্থাপনায় গ্রামীণ যুবদের নিয়োজিত করা। | • ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে গ্রামীণ খেলাধুলার প্রসার ঘটানো ও প্রতিবছর ক্রীড়ার আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ৯.২.১০ ক্রীড়াক্ষেত্রে বিনিয়োগে উৎসাহিত করার জন্যে প্রণোদনার ব্যবস্থা কর। | • করপোরেট সোস্যাল রেসপনসিবিলিটিকে (corporate social responsibility) ক্রীড়া উন্নয়নের কাজে লাগানোর জন্য সরকারি পর্যায় থেকে প্রজ্ঞাপন জারি করা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| ৯.২.১১ ক্রীড়াকে পেশা হিসেবে গ্রহণ করার মতো আর্থ-সামাজিক অবস্থা সৃষ্টি করা। | • ক্রীড়া চর্চার সুফলতা বিষয়ক সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৯.২.১২ শহর-গ্রাম নির্বিশেষে যুবদের জন্যে অবসর (Leisure) যাপন ও বিনোদন উপভোগের সুষ্ঠু ব্যবস্থা নিশ্চিত করা। | • যুবদের অবসর যাপন ও বিনোদনের জন্য বিভিন্ন ক্রীড়া সামগ্রি সরবরাহ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ৯.২.১৩ যুবদের চিত্তবিনোদন ও মানসিক বিকাশ সাধনের জন্যে তাদের মধ্যে সাংস্কৃতিক চর্চার প্রসার ঘটানো। | • যুবদের চিত্তবিনোদন ও মানসিক বিকাশ সাধনের জন্যে মাঠ পর্যায়ে সাংস্কৃতিক সংগঠনের সাথে যুবদের সম্পৃক্তকরণ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ৯.২.১৪ সাংস্কৃতিক চর্চার মাধ্যমে দেশিয় ইতিহাস ও ঐতিহ্যকে সমুন্নত রাখা। | • আঞ্চলিক সাংস্কৃতিক চর্চা করার জন্য আঞ্চলিক সাংস্কৃতিক দল তৈরি করার সহায়তা প্রদান করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৯.২.১৫ যুব সাংস্কৃতিক সংগঠন ও যুব সাংস্কৃতিক কর্মীকে প্রণোদনা প্রদান করা। | • মেধাবি সাংস্কৃতিক কর্মী গড়ে তোলার লক্ষ্যে গ্রাম পর্যায় থেকে মেধাবি সাংস্কৃতি কর্মীকে তুলে প্রণোদনাদানের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ৯.২.১৬ পেশা হিসেবে সাংস্কৃতিক কর্মকাণ্ডকে গ্রহণকরার মতো উপযুক্ত পরিবেশ ও সরকারি পৃষ্ঠপোষকতা নিশ্চিত করা। | • পেশা হিসেবে সাংস্কৃতিক কর্মকাণ্ডকে গ্রহণ করার জন্য যুবদের মাঝে আগ্রহ বাড়ানোর লক্ষ্যে প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা এবং যুব সংগঠনগুলোকে পৃষ্ঠপোষকতা প্রদান করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| **১০. সুশাসন** | | | |
| **১০.১ কৌশল-সুশাসন** | | | |
| ১০.১.১ জনগোষ্ঠীর একটি বিশাল অংশ যুব হওয়ায় সুশাসন বিষয়ে তাদের ভাবনা ও মতামত সম্পর্কে বিষয়ে তাদের ভাবনা ও মতামত সম্পর্কে অবহিত হওয়া এবং তা মূল্যায়ন করা। | • জাতীয় পর্যায় যুবপ্রতিনিধিদের সাথে সুশাসন বিষয়ে আলোচনাসভা করা এবং প্রাপ্ত মতামত নীতি নির্ধারণ পর্যায়ে অবহিত করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ১০.১.২ ভবিষ্যৎ নেতৃত্বের সূতিকাগার হিসেবে যুবসমাজের মধ্যে জবাবদিহিমূলক নেতৃত্ব ও গণতান্ত্রিক চর্চা উৎসাহিত করা। | • যুবদের মধ্যে গণতন্ত্র ও জবাবদিহিতা শীর্ষক মাঠ পর্যায়ে সভা/সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ১০.২.৩ যুবদের সমাজ ও রাষ্ট্রের বৃহত্তম পরিমণ্ডলে নেতৃস্থানীয় পর্যায়ে উন্নীত হওয়ার ক্ষেত্রে নৈতিকতা দেশপ্রেম, শৃঙ্খলা, আত্মত্যাগ ইত্যাদি গুণাবলীকে মানদণ্ড হিসেবে গণ্য করা। | • নৈতিকতা দেশপ্রেম, শৃঙ্খলা, আত্মত্যাগ ইত্যাদি গুণাবলীকে অন্তর্ভুক্ত করে (এসেসমেন্ট শিট) মূল্যায়ন ফরম প্রস্তুত করা ও মূল্যায়নের ভিত্তিতে যুবপ্রতিনিধি বাছাই করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ১০.১.৪ জাতীয় জীবনের যেকোনো প্রয়োজনে এবং দুর্যোগকালীন সময়ে যুবদেরকে ত্যাগের মানসিকতায় উদ্বুদ্ধ করা। | • দুর্যোগকালীন যুবদের দায়িত্ববোধ জাগ্রত করার জন্য মাঠ পর্যায়ে সভা/কর্মশালা/সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১০.১.৫ নাগরিক অধিকার সম্পর্কে যুবদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা। | • নাগরিক অধিকার বিষয়টি পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ১০.১.৬ 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সম্পর্কে যুবদের সচেতন করা। | • 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সম্পর্কে প্রচার মাধ্যমে সম্প্রচার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ১০.১.৭ তথ্য অধিকার আইন সম্বন্ধে যুবদের অবহিত করা। | • জাতীয় তথ্য অধিকার আইন সম্পর্কে প্রচার মাধ্যমে সম্প্রচার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়। |

**১০.২ সহকৌশল-নাগরিক অংশগ্রহণ**

| | | | |
|---|---|---|---|
| ১০.২.১ প্রত্যেক যুব পুরুষ ও নারী যে কমিউনিটির বাসিন্দা, তার রাজনৈতিক-অরাজনৈতিক কল্যাণমূলক কাজে সম্পৃক্ত হওয়ার গুরুত্ব সম্পর্কে তাদেরকে সচেতন করা। | • নাগরিক অংশগ্রহণকে উৎসাহিত করার লক্ষ্যে যুবকদের নিয়ে সেমিনার/ক্যাম্পেইন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়। |
| ১০.২.২ জাতীয় পর্যায়ে গুরুদায়িত্ব পালন করার প্রাথমিক সোপান হিসেবে নাগরিক অংশগ্রহণ উৎসাহিত করা। | • প্রচার মাধ্যমে জাতীয় পর্যায়ের কাজে যুবদের অংশগ্রহণ বাড়ানোর জন্য সচেতনতামূলক প্রচারণার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয় |
| ১০.২.৩ যুবদের নাগরিক অংশগ্রহণকে সমাজে পারস্পারিক আস্থা ও সহমর্মিতা সৃষ্টি করার কাজে ব্যবহার করা। | • উপজেলা পর্যায়ে যুবদের নিয়ে "পারস্পারিক আস্থা ও সহমর্মিতা" বিষয়ক সেমিনারের/ক্যাম্পেইন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১০.২.৪ ভোটার হওয়া ও ভোটদানের গুরুত্ব সম্পর্কে যুবদের সচেতন করে তোলা। | • ভোটার ও ভোটদানের উপর বিলবোর্ড তৈরি করে তা ইউনিয়ন পরিষদ অফিস, হাটবাজার ও বাসস্ট্যান্ডে লাগানোর ব্যবস্থা করা। | নির্বাচন কমিশন সচিবালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১০.২.৫ স্থানীয় ও জাতীয় পর্যায়ের জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃত্ব এবং সুশীল সমাজের সাথে যুবদের মতবিনিময়ের ব্যবস্থা করা। | • উপজেলা ও জেলা মাসিক সমন্বয় সভায় যুবদের অন্তর্ভুক্তির ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১০.২.৬ নাগরিক অংশগ্রহণ যুবদের মধ্যে সমাজের প্রতি দায়িত্ববোধ, দলগত চেতনা, গণতান্ত্রিক মূল্যবোধ, নেতৃত্ব ও শৃঙ্খলাবোধ সৃষ্টি করে বিধায় এরূপ অংশগ্রহণ সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা প্রদান করা। | • নাগরিক দায়িত্ব পালন করে এমন যুব সংগঠনকে প্রণোদনাদানের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ১০.২.৭ কমিউনিটি সেবাকার্যক্রমে যুবদের অংশগ্রহণ উৎসাহিত করা। | • অংশগ্রহণকারী যুবদের প্রশংসাপত্র দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং এই প্রত্যয়নপত্রটি তাদের কর্মক্ষেত্রে প্রবেশের জন্য অভিজ্ঞতা হিসেবে গণ্য করার জন্য প্রজ্ঞাপন জারি করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | |

**১০.৩ কৌশল-সামাজিক অন্তর্ভুক্তি**

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১০.৩.১ ভার্চুয়াল মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে যুবদের গঠনমূলক সামাজিক অংশগ্রহণ বা সংযুক্তিকে সহজসাধ্য করা। | • ভার্চুয়াল মাধ্যম সঠিকভাবে ব্যবহারের জন্য যুবদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার জন্য গঠনমূলক ও অংশগ্রহণমূলক সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ১০.৩.২ ভার্চুয়াল মিডিয়াসহ বিভিন্ন মাধ্যমে যুবদের জন্যে অনুপ্রেরণাদায়ক ও গঠনমূলক কনটেন্ট তৈরি এবং উপস্থাপন করা। | • ভার্চুয়াল মিডিয়া পোর্টালে যুবদের মতামত প্রকাশ করার জন্য যুব-ব্লগ রাখা, যুব-ব্লগে যুবদের মতামত বিশ্লেষণ করে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ১০.৩.৩ স্বাধীন চিন্তা ও মতকে আশ্রয় করে সামাজিক অংশগ্রহণে সংগঠিত হওয়ায় লক্ষ্যে সমাজে গণতান্ত্রিক ও পরমসহিষ্ণু বাতাবরণ জোরদার করা। | • যুবদের স্বাধীন চিন্তা, সমাজ গঠন ও পরমসহিষ্ণু বাতাবরণ জোরদার করার লক্ষ্যে মাঠ পর্যায়ে ক্যাম্পেইন ও সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ১০.৩.৪ মিডিয়া ও ইন্টারনেটে যুবদের চিন্তা-চেতনা, জাতীয় বিষয়ে মতামত, তাদের কর্ম অভিজ্ঞতা ও সাফল্য তুলে ধরতে যুবদেরকে উৎসাহ প্রদান এবং সেরূপ প্রাতিষ্ঠানিক সুযোগ সৃষ্টি করা। | • মিডিয়া ও ইন্টারনেটে যুবদের চিন্তা-চেতনা, জাতীয় বিষয়ে মতামত, তাদের কর্ম অভিজ্ঞতা ও সাফল্য তুলে ধরতে যুবদেরকে উৎসাহ প্রদান করার জন্য জাতীয় যুবপোর্টাল তৈরি করা ও যুবদের মতামত আহ্বান করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ১০.৩.৫ সোশাল মিডিয়ার সুফল-কুফল ও অ্যাডিকটিভ ইফেক্ট সম্পর্কে যুবদের সচেতন করা। | • মিডিয়া ব্যবহার সঠিকভাবে করার জন্য যুবদের মোবাইলে খুদে-বার্তা প্রেরণ (এসএমএস) ও গণমাধ্যমে "সামাজিক যোগাযোগ মাধ্যমের" (সোশাল মিডিয়ার) সুফল-কুফল বিষয়ে প্রচার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়। |
| **১০.৪ কৌশল-সামাজিক নিরাপত্তা** | | | |
| ১০.৪.১ শহর ও গ্রামের যুবদের মধ্যে আর্থ-সামাজিক ব্যবধান নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। | • জাতীয় সামাজিক কর্মসূচিতে গ্রামীণ বেকার যুবদের অগ্রাধিকার দেয়া। | সমাজকল্যাণ মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ১০.৪.২ যুবদের সকল প্রকার সামাজিক ব্যাধি (যেমন, মাদকাসক্তি, মাদকপাচার, চাঁদাবাজি, সন্ত্রাস ইত্যাদি) থেকে নিরাপদ ও বিরত রাখা। | • যুবদের সামাজিক ব্যাধি ও তার কুফল সম্পর্কে জানানোর জন্য যুবদের অংশগ্রহণে সচেতনতামূলক সেমিনার/ক্যাম্পেইন মাঠ পর্যায়ে আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়। |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১০.৪.৩ অনগ্রসর ও বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর মধ্যে নিয়ে আসা। | • অনগ্রসর ও বিশেষ চাহিদা সম্পন্ন যুবদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য ইউনিয়ন/উপজেলা অনুযায়ী তালিকা প্রস্তুত করে তার আলোকে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম পরিচালনা করা। | সমাজকল্যাণ মন্ত্রণালয়। | স্থানীয় সরকার বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| ১০.৪.৪ গৃহ, শিক্ষাপ্রতিষ্ঠান, কর্মস্থল বা অন্য যে-কোন পরিবেশে লিঙ্গভেদে একে অপরের প্রতি শ্রদ্ধাপূর্ণ ও সংবেদনশীল আচরণ করতে যুবদের উদ্বুদ্ধ করা। | • নারীদের প্রতি সংবেদনশীল আচরণ করার জন্য যুব সমাজের অংশগ্রহণে সচেতনতামূলক সেমিনার/ক্যাম্পেইন মাঠ পর্যায়ে আয়োজন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ১০.৪.৫ সমাজে সর্বত্র যুবনারীর নিরাপত্তা নিশ্চিতকরণে সার্বিক ব্যবস্থা। | • মাঠ পর্যায়ে নারীদের নিরাপত্তা নিশ্চিতকরণ ও সমাজের সুস্থতা শীর্ষক সেমিনার আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১০.৪.৬ সব ধরনের গণপরিবহনে যুবনারী ও বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের জন্য আসন সংরক্ষণ নিশ্চিত করা। | • সকল গণপরিবহনে যুব-নারীদের যাতায়াত সুষ্ঠুকরার জন্য সচেতনতামূলক বার্তা সম্বলিত স্টিকার লাগানো এবং এ ব্যাপারে গণপরিবহন শ্রমিক ও পরিবহন মালিকদের সাথে সচেতনামূলক কার্যক্রম চালু করা। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, রেলওয়ে বিভাগ, তথ্য মন্ত্রণালয়। |
| ১০.৪.৭ শিশু ও প্রবীণদের জন্যে নিঃশঙ্ক ও আস্থাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে যুবদের ভূমিকা সম্পর্কে তাদেরকে দায়িত্বশীল করে তোলা। | • প্রচার মাধ্যমে "শিশু ও প্রবীণদের অধিকার বাস্তবায়নে যুবদের ভূমিকা" শীর্ষক প্রচারণা করা। | তথ্য মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়। |
| ১০.৪.৮ ব্যক্তি, গোষ্ঠী বা দল কর্তৃক হীন স্বার্থে ব্যবহৃত হওয়া, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা জবরদস্তি, হিংস্রতা, প্রতারণা বা অন্য কোনো অমানবিক আচরণ থেকে যুবদের নিরাপত্তা বিধান করা। | • অসাধু ও কায়েমি স্বার্থবাদী ব্যক্তি গোষ্ঠী বা দল এর কার্যক্রম সম্পর্কে যুবদের সচেতন করার জন্য গণমাধ্যমে প্রচারণা চালানো ও সরকারি প্রজ্ঞাপন জারি করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয় |
| **১০.৫ কৌশল-মানবাধিকার সুরক্ষা ও প্রসার** | | | |
| ১০.৫.১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে বিধৃত সকল নাগরিকের জন্য প্রযোজ্য মানবাধিকার সম্পর্কে যুবদের সচেতন করা। | • মানবাধিকার সম্পর্কিত বিভিন্ন জাতীয় ও আর্ন্তজাতিক দিবসসমূহ যুবদের অংশগ্রহণে উদযাপন করা ও সে বিষয়ে বাংলাদেশের সংবিধান ও অন্যান্য আন্তর্জাতিক মানবাধিকার সম্পর্কে যুবদের অবহিত করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | জাতীয় মানবাধিকার কমিশন |
| ১০.৫.২ আন্তর্জাতিক মানবাধিকারের প্রতি বাংলাদেশের অঙ্গীকারের বিষয়ে যুবদের সচেতন করে তোলা। | • আন্তর্জাতিক মানবাধিকারের বিষয়ক সেমিনার/সভা মাঠ পর্যায়ে আয়োজন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, জাতীয় মানবাধিকার কমিশন |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১০.৫.৩ সমাজে যে কোন স্তরে বা যে কোন গোষ্ঠী বা সম্প্রদায়ের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে যুবদের সংবেদনশীলতা বাড়ানো ও সোচ্চার ভূমিকা পালনে তাদের উৎসাহিত করা। | | | |
| ১০.৫.৪ মানবাধিকার সুরক্ষা ও প্রসারের সাথে সাথে জাতীয় নিরাপত্তা এবং ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি বজায় রাখার ক্ষেত্রে যুবদের দায়িত্বশীল করে তোলা। | • মানবাধিকার সুরক্ষা, জাতীয় নিরাপত্তা, ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি বজায় রাখার জন্য যুবদের কর্তব্য সম্পর্কে গণমাধ্যমে প্রচারণা চালান। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ। |

**১১. টেকসই উন্নয়ন**

| **কৌশলগত উদ্দেশ্য-১১: টেকসই উন্নয়ন** | | | |
|---|---|---|---|
| ১১.১.১ জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্র (Sustainable Developmnet Goals) অর্জনে পালনীয় ভূমিকা সম্পর্কে যুবসমাজকে সচেতন করা। | • এসডিজি বাস্তবায়নে জাতীয় ও স্থানীয় পর্যায়ে গঠিত কমিটিতে যুবদের অন্তর্ভুক্ত করা;<br>• 'যুবদের দ্বারা' এবং 'যুবদের জন্য'- এই থিমের উপর ভিত্তি করে এসডিজিতে যুবসমাজ ও যুব সংগঠনকে সম্পৃক্তকরণে জাতীয়, বিভাগীয় জেলা ও উপজেলা পর্যায়ে ওয়ার্কশপ আয়োজন; | প্রধানমন্ত্রীর কার্যালয় (SDG মূখ্য সমন্বয়ক) | তথ্য মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ১১.১.২ 'টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ' অর্জনে যুবদের সম্পৃক্তকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। | • কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠরত যুবদের এসডিজি বাস্তবায়নে উদ্ভাবনমূলক ধারণা সৃজনে উদ্বুদ্ধকরণ;<br>• এসডিজি বাস্তবায়নে যুবদের সম্পৃক্তকরণে এনজিওদের/যুব সংগঠনের জন্য একশ্যান প্ল্যান প্রণয়ন; | | |
| ১১.১.৩ যুবদের জীবনের মানোন্নয়নকে "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (২০১৬-২০৩০)" বাস্তবায়নে আবশ্যকীয় (Essential component) হিসেবে বিবেচনা করা। | • যুবদের দিয়ে সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে এসডিজি বিষয়টি অধিকতর জনসম্পৃক্তকরণ;<br>• জাতীয় সম্প্রচার মাধ্যমে যুবদের দায়িত্ব সম্পর্কে সচেতনতামূলক প্রচার চালানো; | | |

**১১. কৌশল-পরিবেশ সম্পর্কিত শিক্ষা ও সচেতনতা**

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১১.২.১ যুবকদের কে পরিবেশ ও জীববৈচিত্য সচেতন নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিশু-কিশোর থাকা অবস্থায় তাদের মধ্যে পরিবেশের প্রতি মমতৃবোধ সৃষ্টি করা এবং এতদ্বিষয় পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা। | • পরিবেশ ও জীববৈচিত্র্য মমতৃবোধ তৈরি করার জন্য পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা, যুবওয়াচডক তৈরি করা এবং মাঠ পর্যায়ে পরিবেশ সংরক্ষণ মূলক সেমিনার/সভা করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। |
| ১১.২.২ পরিবেশ সংরক্ষণমূলক স্বেচ্ছাশ্রমে যুবদের উদ্বুদ্ধ করা। | • পরিবেশে সংরক্ষণ কাজে যুবরা কিভাবে স্বেচ্ছাশ্রম দিয়ে পরিবেশ সংরক্ষণ, জলবায়ুপরিবর্তন ও তার প্রভাব পরিবর্তনের কাজে নিয়োজিত হতে পারে সে বিষয়ে গাইডলাইন তৈরি করে মাঠ পর্যায়ের যুব সংগঠনের মাঝে বিতরণ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলায়ু পরিবর্তন মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ১১.২.৩ যুবদের মধ্যে পরিবেশবাদী সংগঠন তথ্য (Youth Watchdog on Environment) প্রতিষ্ঠা ও পরিচালনায় উৎসাহ ও পৃষ্ঠপোষকতা প্রদান করা।<br>১১.২.৪ জলবায়ু পরিবর্তনের অভিঘাত ও প্রকোপ সম্পর্কে যুবদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং মোকাবিলা যথাযথ প্রশমন (mitigation) ও অভিযোজন ((adaption) কার্যক্রমে যুবদের অংশগ্রহণ বৃদ্ধি করা।<br>১১.২.৫ জলবায়ু পরিবর্তনজনিত প্রতিক্রিয়া মোকাবিলায় যুবনারী এবং বিশেষ চাহিদা সম্পন্ন ও অন্যান্য অনগ্রসর যুবদের বিবেচনায় রেখে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করা। | • জলবায়ু ও অভিঘাত সময়কালীন যুব নারী ও বিশেষ চাহিদা সম্পন্ন এবং অন্যান্য অনগ্রসর যুবদের চাহিদা নির্ণয় করা ও কর্মসূচি গ্রহণ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, দুর্যোগ ও ত্রাণ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |

**১১.৩ কৌশল-পরিবেশবান্ধব কৃষি ও শিল্পায়ন**

| | | | |
|---|---|---|---|
| ১১.৩.১ কৃষির উন্নতির জন্য যুবদের আত্মনিয়োগে প্রয়োজনীয় বিনিয়োগ করা ও প্রণোদনা দেওয়া।<br>১১.৩.২ কৃষিশিক্ষা বিষয়ক বিনিয়োগ ও গবেষণার মাধ্যমে বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা। | • যুবদের কৃষিকাজে আগ্রহ বৃদ্ধির জন্য বিশেষ প্রশিক্ষণ, সহজশর্তে ঋণ কার্যক্রম চালু করা ও সফল যুবকৃষকদের জন্য বিশেষ প্রণোদনা দানের ব্যবস্থা করা। | কৃষি মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১১.৩.৩ দেশের যাবতীয় প্রাকৃতিক সম্পদের উদ্ভাবনী ব্যবহারের প্রতি যুবদের উদ্বুদ্ধ করা। | • জাতীয় যুব পোর্টালে সফল যুব উদ্ভাবকদের সফলতার বিবরণগুলো তুলে ধরার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| ১১.৩.৪ খনিজ সম্পদ ও অন্য সকল প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ও সাশ্রয়ী ব্যবহারে সমাজকে সচেতন করে তোলার কাজে যুবদের নিয়োজিত করা। | • মাঠ পর্যায়ে গঠিত ওয়াচডকের পরিবেশ সংরক্ষণের কাজের সাথে খনিজ সম্পদ, পরিবেশবান্ধব জীবনপ্রণালী, গ্রিন টেকনোলজি ও নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার সম্পর্কিত কাজগুলোকে অন্তর্ভুক্ত করা। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। |
| ১১.৩.৫ পরিবেশবান্ধব জীবনপ্রণালী সম্পর্কে যুবদের অবহিত করা এবং এতদ্বিষয় সমাজকে সচেতন করার কাজে যুবদের নিয়োজিত ও উৎসাহিত করা।<br>১১.৩.৬ নদী-খাল খেলার মাঠ দখল বা ভরাটপূর্বক অথবা অন্য কোনো উপয়ে পরিবেশকে ক্ষতিগ্রস্ত করে কোনরূপ শিল্প বা কলকারখানা স্থাপন রোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টিতে যুবসমাজকে নিয়োজিত করা।<br>১১.৩.৭ Green technology ও নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার বিষয়ে সামাজিক সচেতনতা সৃষ্টিতে যুবদের সম্পৃক্ত করা। | | | |
| ১১.৩.৮ Green technology ভিত্তিক জ্বালানি ও শিল্পোদ্যোগ গ্রহণে যুবদেরকে প্রণোদনাসহ উদ্বুদ্ধ করা। | • Green technology ও নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারে সফল যুবদের পুরস্কৃত করা এবং সফলতার গল্প প্রচারের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| **১১.৪ সহকৌশল-নিরাপদ খাদ্য ও বিপণন** | | | |
| ১১.৪.১ উৎপাদনস্থল থেকে ভোক্তা পর্যন্ত বিদ্যমান প্রক্রিয়ায় পরিবেশ ও জীবন-ক্ষতিকারক উৎপাদন থেকে ও পণ্যের পরিপূর্ণ নিরাপত্তা বিধানকল্পে সংশ্লিষ্ট সকলকে সচেতন করার কাজে যুবদের সংগঠিত ও সম্পৃক্ত করা। | • ওয়াচডকের মাধ্যমে খাদ্য নিরাপত্তা ও বিপণন নিয়ে মাঠ পর্যায়ে সেমিনার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিবেশ, বন জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়। |
| ১১.৪.২ নিরাপদ পণ্য বিপণনে যুবদের আত্মকর্মসংস্থানকে উৎসাহিত ও প্রণোদনা প্রদান করা। | | | |

১২. সুষম উন্নয়ন

১২.১ সহকৌশল-বিশেষ সুবিধা প্রদানের জন্য চিহ্নিত যুবদের উন্নয়ন

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১২.১ বিশেষ সুবিধা প্রদানের জন্য চিহ্নিত যুবদের উন্নয়ন। | • বিশেষ সুবিধা প্রদানের জন্য যুবকদের তালিকা প্রস্তুত করা, তাদের সুবিধা নিরূপণ করা, সম্পদ সুশমভাবে বন্টন করাসহ সর্বক্ষেত্রে তাদের অংশগ্রহণ নিশ্চিত করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ১২.১.১ জাতি-ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকল যুবকে শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান এবং অন্যান্য মৌলিক চাহিদা পূরণে সুষম/সমান সুযোগ প্রদান করা।<br>১২.১.২ সুষ্ঠু সম্পদ বন্টন ও বিশেষ সহায়তা কার্যক্রমের মাধ্যমে অনগ্রসর ও প্রতিবন্ধকতার শিকার যুবদের ‘আত্মোন্নয়নের পথ সুগম করা।<br>১২.১.৩ জাতীয় জীবনের সর্বক্ষেত্রে যুবদের প্রতিনিধিত্ব করার সুযোগ প্রদান করা। | | | |

১৩. সুস্থ সমাজ বিনির্মাণ

কৌশলগত উদ্দেশ্য-১৩০ঃ-সুস্থ সমাজ বিনির্মাণ

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১৩.১.১ সুস্থ ও শান্তিপূর্ণ সমাজ নির্মাণে যুবদের অন্যতম স্তম্ভ হিসেবে বিবেচনা করা। | • শান্তিপূর্ণ সমাজ ও যুবদের ভূমিকা নিয়ে মাঠ পর্যায়ে সচেতনতামূলক সভা/ সেমিনার আয়োজন করা ও জাতীয় প্রচার মাধ্যমে সম্প্রচার করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রনালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ১৩.১.২ সন্ত্রস ও দুর্নীতিমুক্ত সমাজ গড়ে তোলার কাজে যুবদের সাহস, উদ্যম ও সহজাত সততাবোধকে কাজে লাগানো।<br>১৩.১.৩ পারিবারিক ও প্রাতিষ্ঠানিক শিক্ষায় আর্থিক অসততা বর্জন করে চলার উপর গুরুত্ব আরোপ করা। | • সুস্থ ও শান্তিপূর্ণ এবং সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত সমাজ গঠনে যুবদের নিয়ে মাঠ পর্যায়ে যুবদের সচেতন করার জন্য সভা/সেমিনার আয়োজন করা ও গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। সুরক্ষা সেবা বিভাগ |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১৩.১.৪ দুর্নীতি নামক দুষ্টচক্র থেকে যুবসমাজকে মুক্ত রাখার লক্ষ্যে যুবদের এমন কোনো কাজে উৎসাহিত না করা যা তাদেরকে কোনো অবৈধ বৈষয়িক প্রাপ্তি বা আয়ের দিকে প্রলুব্ধ করবে। | | | |
| ১৩.১.৫ রাষ্ট্রের সর্বত্র এমন পরিবেশ নিশ্চিত করা যাতে যুবরা সন্ত্রাস ও দুর্নীতিকে ঘৃণা করতে শেখে। | | | |
| ১৩.১.৬ সমাজে সন্ত্রাস ও দুর্নীতিবিরোধী সচেতনতা সৃষ্টিতে যুবদের নিয়োজিত করা। | | | |
| ১৩.১.৭ সমাজে এরূপ পরিবেশ সৃষ্টির চেষ্টা করা যাতে যুবরা অনুপার্জিত আয়ের প্রতি আগ্রহ পোষণ না করে। | • | | |
| ১৩.১.৮ সন্ত্রাস ও দুর্নীতি রোধকল্পে Whistle blower হিসেবে ভূমিকা পালনে যুবদের উৎসাহিত করা। | • | | |
| **১৩.২ কৌশল-সাম্প্রদায়িক সম্প্রীতি, সহিষ্ণুতা ও ইতিবাচক মনোভাব** | | | |
| ১৩.২.১ ধর্মীয় বিশ্বাস যার যার সমাজ ও রাষ্ট্র সকলের এরূপ বিশ্বাস যুবদের মধ্যে প্রবিষ্ট করা। | • সকল ধর্মের নেতাদের নিয়ে ধর্মীয় বিশ্বাস, সাম্প্রদায়িক সম্প্রীতি দৃঢ়করণ এবং উগ্রবাদ নিয়ে মাঠ পর্যায়ে আলোচনা সভা এবং ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে সার্বজনীন ধর্মীয় বিশ্বাস নিয়ে আলোচনা করা। | ধর্ম মন্ত্রণালয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১৩.২.২ জাতীয় প্রচার ও সম্প্রচার মাধ্যমে যুবদের অংশগ্রহণসহ বিভিন্ন ধর্ম, মত ও বিশ্বাসের বস্তুনিষ্ঠ ও সাবলীল প্রচার এবং মতবিনিময় নিশ্চিত করা। | | | |
| ১৩.২.৩ সাম্প্রদায়িক সম্প্রীতি দৃঢ়করণে আন্তঃসম্প্রদায়-মিথস্ক্রিয়ায় যুবদের উৎসাহিত করা। | | | |
| ১৩.২.৪ অন্যের বিশ্বাস পথ ও মতের প্রতি সহিষ্ণু ও শ্রদ্ধাশীল মনোভাব পোষণ করতে যুবদের শিক্ষা দেওয়া। | | | |
| ১৩.২.৫ উগ্র ধর্মীয় বা রাজনৈতিক কুফল সম্পর্কে যুবদের সচেতন করা এবং উগ্রবাদী যে কোনো ধরনের আচরণ ও কর্মকান্ড থেকে সকল যুব ও যুবনারীকে বিরত রাখা | | | |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১৩.২.৬ সহিষ্ণুতা ও ইতিবাচক মনোভাবের অধিকারী হয়ে যুবদের বেড়ে উঠার অনুকূল পারিবারিক ও সামাজিক পরিবেশ সৃষ্টি করা।<br>১৩.২.৭ যুবদের এই বিশ্বাসে অনুপ্রাণিত করা যে, তাদের প্রত্যেকের জীবনই অমূল্য এবং আপনসত্তা ও অপরাপর মানুষের প্রতি শ্রদ্ধাবোধ কর্তব্যনিষ্ঠার মাধ্যমেই কেবল তার অমূল্য জীবনকে সার্থক করে তোলা সম্ভব। | | | |
| **১৩.৩ কৌশল-মাদকাসক্তি রোধ ও নিরাময়** | | | |
| ১৩.৩.১ যুবদের স্বাভাবিক জীবন যাপনের লক্ষ্যে মাদকদ্রব্যের উৎপাদন, আমদানি ও বাজারজাতকরণ কঠোরভাবে রোধ করা। | • মাদক দ্রব্যের উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, সেবন, পাচার এর ভয়াবহতা সম্পর্কে যুবদের সচেতন করার জন্য আলোচনা সভা করা এবং আইন কঠোরভাবে প্রয়োগ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| ১৩.৩.২ মাদকাসক্তি নিরাময়ের জন্য সরকারি-বেসরকারি পর্যায়ে কাউন্সিলিং ও সার্বিক চিকিৎসা সুবিধা দেশব্যাপী বিস্তৃত করা এবং নিরাময় পরবর্তী পুনর্বাসনের ব্যবস্থা করা।<br>১৩.৩.৩ মাদক সেবন ও মাদক পাচার সমাজ বিরোধী কর্মকান্ডে যুবদের উৎসাহ এবং পৃষ্ঠপোষকতা প্রদান করা।<br>১৩.৩.৪ ধুমপানের কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে যুবদের সম্পৃক্ত করা।<br>১৩.৩.৫ Peer education এর মাধ্যমে যুবসমাজকে মাদক ব্যবসা ও ধূমপানমুক্ত রাখার উদ্যোগ গ্রহণ করা। | • মাদক ও ধুমপান মারাত্মক স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টি করে। তাই এ বিষয়ে সমাজ সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার, সভা ও সেমিনার আয়োজন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাস্থ্য সেবা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ। |
| **১৩.৪ কৌশল-পারিবারিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ** | | | |
| ১৪.৪.১ দেশের ঐতিহ্যগত ও সামাজিক মূল্যবোধের লালন ও পোষণে যুবদের উদ্বুদ্ধ করা। | • পারিবারিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ নিয়ে মাঠ পর্যায়ে আলোচনা সভা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ধর্ম মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১৩.৪.২ অবাধ তথ্যপ্রচারের যুগে নিজস্ব পারিবারিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ ক্ষুন্ন না হওয়ার প্রতি যুবদের সচেতনতা করা।<br>১৩.৪.৩ অভিবাসী যুবদের মধ্যে দেশিয় মূল্যবোধ ও সংস্কৃতির চর্চাকে উৎসাহিত করা। | • বাংলাদেশ দূতাবাস বছরে ০১ বার অভিবাসী যুবদের নিয়ে দেশিয় সাংস্কৃতিক অনুষ্ঠান করা। | পররাষ্ট্র মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| **১৩.৫ কৌশল-দেশপ্রেম ও নৈতিকতা** | | | |
| ১৩.৫.১ জাতীয় জীবনে ক্রান্তিকালে যুবসমাজের ক্ষমতায়নের ইতিহাস যুবপ্রজন্মের কাছে উপস্থাপন করা। | • মাঠ পর্যায়ের বিভিন্ন সভা সমাবেশে সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আলোচনা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১৩.৫.২ দেশের সংবিধান, আইন ও শৃঙ্খলার প্রতি শ্রদ্ধা পোষণ, নাগরিক দায়িত্ব পালন এবং জাতীয় সম্পত্তি রক্ষণে যুবদের সচেতন ও দায়িত্বশীল করে তোলা।<br>১৩.৫.৩ জীবনের সর্বক্ষেত্রে নৈতিকতাকে সর্বোপরি স্থান দিতে যুবদের উদ্বুদ্ধ করা।<br>১৩.৫.৪ জীবনের সাফল্য ব্যর্থতা বৈষয়িক মানদণ্ডে বিচার না করে নীতি আদর্শের ভিত্তিতে পরিমাপ করার প্রতি যুবদের অনুপ্রাণিত করা। | • নীতি-নৈতিকতা, মূল্যবোধ ও আদর্শ সম্পর্কে পাঠ্যপুস্তকে, অন্তর্ভুক্ত করা এবং সভা ও সেমিনার করা। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাদ্রাসা ও কারিগরি বিভাগ। |
| **১৩.৬ কৌশল-আন্তর্জাতিক মানবিক বিষয়াবলি সম্পর্কে সচেতনতা :** | | | |
| ১৩.৬.১ আন্তর্জাতিক মানবিক বিষয়াদি সংক্রান্ত আইন (International Humanitarian Law) সম্পর্কে মানুষের মধ্যে প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি করা।<br>১৩.৬.২ গণহত্যা, যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের মত আন্তর্জাতিক অপরাধ বিষয়ে যুবদের সচেতনতা বাড়ানো এবং এসব অপরাধ বিরোধী মনোভাব তাদের মধ্যে জাগ্রত করা।<br>১৩.৬.৩ পারমাণবিক অস্ত্রসহ ব্যাপক বিধ্বংসী অস্ত্র (Weapons of Mass Desctruction) এবং বিশ্বজনীন ও সামগ্রিক নিরস্ত্রীকরণ বিষয়ে তাদেরকে সচেতন করে তোলা। | • আন্তর্জাতিক মানবিক বিষয়াদি সংক্রান্ত আইন, গণহত্যা, যুদ্ধাপরাধ, মানবতাবিরোধী অপরাধ, পারমাণবিক নিরস্ত্রীকরণ বিষয়ে যুবদের সচেতন করার জন্য আলোচনা সভা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, |
| **১৩.৭ কৌশল-যুবসংগঠন ও যুবকর্ম** | | | |
| ১৩.৭.১ যুব সংগঠনকে যুবদের ক্ষমতার অন্যতম যোগান হিসেবে বিবেচনা করা। | • যুবদের কর্মোদ্যোগী হিসেবে গড়ে তোলার জন্য উদ্বুদ্ধকরণ সভা ও যুবকর্মে উৎসাহ বাড়ানোর জন্য তাদের জন্য উপযুক্ত স্বীকৃতি প্রদানের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১৩.৭.২ যুবদের কর্মোদ্যম ও পরোপকারি মনকে গঠনমূলকভাবে চালিত করার জন্য তাদেরকে যুবসংগঠন প্রতিষ্ঠায় উৎসাহ দেওয়া।<br>১৩.৭.৩ যুবকর্মকে একটি পেশা হিসেবে স্বীকৃতি দান করা এবং যুবকর্ম বিষয়ে আন্ডারগ্রাজুয়েট ও গ্রাজুয়েট কোর্স চালু করা।<br>১৩.৭.৪ যুবকদেরকে স্বেচ্ছাসেবায় উদ্বুদ্ধ করা।<br>১৩.৭.৫ যুবকর্ম সম্পাদনে যুব/যুবসংগঠনকে সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা প্রদান।<br>১৩.৭.৬ সরকারি-বেসরকারি নিয়োগের ক্ষেত্রে যুবকর্মের অভিজ্ঞতাকে বিবেচনা করা। | | | |
| **১৪. বিশ্বায়ন** | | | |
| **১৪.১ কৌশল-যুববিনিময়** | | | |
| ১৪.১.১ বিভিন্ন দেশের সাথে যুব বিনিময় কর্মসূচি বাস্তবায়ন করা।<br>১৪.১.২ যুব বিনিময় কর্মসূচির জন্য পৃষ্ঠপোষকতাকে প্রণোদনা দেওয়া।<br>১৪.১.৩ দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে অন্যান্য দেশের যুবদের কাছে উপস্থাপনা করা এবং অন্যান্য দেশের ইতিহাস ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হওয়ার মাধ্যম হিসেবে যুব বিনিময় কর্মসূচি পরিচালিত করা। | • আন্তর্জাতিক যুব সম্মেলন করা এবং যুব বিনিময় কর্মসূচির মাধ্যমে বিভিন্ন দেশে যুব প্রতিনিধিদল প্রেরণ করা ও সাংস্কৃতিক ভাব আদান-প্রদান করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ। |
| **১৪.২ কৌশল-বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে সংযুক্তি** | | | |
| ১৪.২.১ আন্তঃদেশিয় স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগের মাধ্যমে যুবদের মধ্যে বৈশ্বিক চেতনা সৃষ্টি করা। | • আন্তর্জাতিক স্বেচ্ছাসেবা নামে যুব ওয়েব পোর্টাল তৈরি করে যুবদের আঞ্চলিক ও আন্তঃক্ষেত্রে পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধি করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| ১৪.২.২ বিভিন্ন দেশের স্বেচ্ছাসেবী সংস্থা/ যুবদের সঙ্গে বাংলাদেশের স্বেচ্ছাসেবী যুবদের সংযুক্তির মাধ্যমে এদেশের যুবদের অন্যদেশে স্বেচ্ছাশ্রম দেওয়ার সুযোগ সৃষ্টি করা এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্ষেত্রে পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধিতে ভূমিকা রাখতে তাদের সম্পৃক্ত করা। | | | |
| **১৪.৩ কৌশল-তথ্য ও প্রচারণা** | | | |
| ১৪.৩.১ বিভিন্ন দেশের যুবদের মধ্যে মত ও অভিজ্ঞতা বিনিময়ের প্রাতিষ্ঠানিক সুবিধা নিশ্চিত করা।<br>১৪.৩.২ মিডিয়া ইন্টারনেটে যুবদের চিন্তা-চেতনা এবং কর্ম ও অভিজ্ঞতার বিবরণ তুলে ধরতে তাদেরকে উৎসাহ দেওয়া। | • যুবদের সহজে বিভিন্ন দেশে ভ্রমণের ব্যবস্থা করা এবং বিদেশ ভ্রমণ শেষে তাদের ভ্রমণ অভিজ্ঞতা নিয়ে প্রকাশনা প্রকাশ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ। |
| **১৫ জরিপ ও গবেষণা** | | | |
| **১৫.১ কৌশল-যুবশুমারি** | | | |
| ১৫.১.১ বস্তুনিষ্ট পরিকল্পনা প্রণয়নের স্বার্থে যুবদের আর্থ-সামাজিক অবস্থাসহ তাদের সার্বিক অবস্থার সঠিক চিত্র পাওয়ার জন্য যুবশুমারি সম্পন্ন করা।<br>১৫.১.২ যুব-বয়সকে কয়েকটি ভাগে ভাগ করে তার ভিত্তিতে যুবশুমারি পরিচালনা করা। | • যুবদের চাহিদা ও আর্থ-সামাজিক অবস্থার প্রকৃত চিত্র পাওয়ার জন্য প্রতি ০৪ বছর পর পর জাতীয় যুবজরিপ করা। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| **১৫.২ কৌশল-যুব চাহিদা নিরূপণ** | | | |
| ১৫.২.১ যুব উন্নয়ন সূচক প্রণয়ন করা। | • যুব উন্নয়নের সূচক নির্ধারণে জাতীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা ও তা জাতীয় যুবনীতির সাথে সমন্বয় সাধনের ব্যবস্থ করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| ১৫.২.২ যুবশুমারির ভিত্তিতে প্রকৃত চাহিদা এবং উন্নয়ন সূচকের আলোকে যুবদের জন্য বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা। | • যুব উন্নয়ন সূচক সময় উপযোগী করা এবং তা বাস্তবায়ন করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |

| যুবনীতি | প্রধান কার্যাবলি | নেতৃস্থানীয় মন্ত্রণালয়/বিভাগ | সহযোগী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|---|
| **১৫. জরিপ ও গবেষণা** | | | |
| **১৫.৩ কৌশল-যুববিষয়ক গবেষণা ও প্রকাশনা** | | | |
| ১৫.৩.১ যুব সম্পর্কিত প্রকাশনা ও গবেষণায় সরকারি ও বেসরকারি পৃষ্ঠপোষকতা দান করা। সময় সময় যুববিষয়ক প্রতিবেদন প্রকাশ করা।<br>১৫.৩.২ গবেষণাকর্মে আগ্রহী যুবদের সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা প্রদান করা।<br>১৫.৩.৩ গবেষণাকর্মে আগ্রহী যুবদের সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা প্রদান করা। | • প্রতিমাসে যুবপ্রকাশনা করা তা বহুল প্রচারের ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| **১৫.৪ কৌশল-যুব আর্কাইভ** | | | |
| ১৫.৪.১ ডিজিটাল সুবিধাসম্বলিত একটি যুব আর্কাইভ স্থাপন করা। | • জাতীয় ও জেলা পর্যায়ে ডিজিটাল যুব আর্কাইভ প্রতিষ্ঠা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ। |

**দিলরুবা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।